গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

**মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের জন্য কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে ০৮/০৩/২০১৭খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

সভাপতিঃ জনাব মোঃ অহিদুল ইসলাম
যুগ্ম-সচিব ও পরিচালক (প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা

তারিখ ও সময়ঃ ০৮ মার্চ, ২০১৭ খ্রিঃ, বেলা ০২:৩০ ঘটিকা
স্থানঃ সভাকক্ষ, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দঃ পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে পরিচালক (প্রশাসন) উপস্থিত সকলকে স্বাগত জানান। প্রতি বছরের ন্যায় জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের কর্মসূচি নির্ধারণ ও তা বাস্তবায়নের জন্য উপস্থিত কর্মকর্তাদের আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে অধিদপ্তরের সহকারী পরিচালক জনাব মোঃ আককাছ আলী সেখ এ দিবস উদযাপনের বিষয়টি এ সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে বলেন যে, শিক্ষা মন্ত্রনালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.২৩.০০৩.১৭.১৬৫, তারিখঃ ২০ ফেব্রুয়ারি ২০১৭ মোতাবেক মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচিতে (ক) দেশের সকল বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে সকালে কুচকাওয়াজ, সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ এবং ক্রীড়া অনুষ্ঠান (খ) জাতীয় পর্যায়ে রচনা ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন (গ) সকল শিক্ষা প্রতিষ্ঠানে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন (ঘ) জেলা এবং উপজেলা পর্যায়ে প্রদর্শনী ফুটবল ম্যাচ/দেশীয় খেলার আয়োজন অন্তর্ভূক্ত রয়েছে।

অতপর কারিগরি শিক্ষা অধিদপ্তরের পরিচালক (পিআইডব্লিউ) বলেন জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে ইতোমধ্যে অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানের জন্য অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০৬৩.২৩.০১৩.১৭-৯০, তারিখঃ ২৭/০২/২০১৭খ্রিঃ মোতাবেক কর্মসূচি পালনের আদেশ দেয়া হয়েছে। এ পর্যায়ে তিনি উপস্থিত সকলের মতামত প্রদানের অনুরোধ জানান। তৎপ্রেক্ষিতে উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করে নিম্নোক্ত কর্মসূচি গ্রহণের সুপারিশ করেন।

কর্মসূচি;
ক) কারিগরি শিক্ষা অধিদপ্তরের জন্য-

| ক্রঃ | কর্মসূচী | তারিখ ও সময় | স্থান | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | জাতীয় পতাকা উত্তোলন | ২৬ মার্চ ২০১৭খ্রিঃ (সূর্য উদয়ের সাথে সাথে) | কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। | প্রশাসনিক কর্মকর্তা কারিগরি শিক্ষা অধিদপ্তর |
| ২ | ভবন আলোক সজ্জা করণ | ২৫ ও ২৬ মার্চ ২০১৭খ্রিঃ (উভয়দিন সন্ধ্যা থেকে রাত পর্যন্ত) | কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। | সহকারী পরিচালক (শাখা-১) কারিগরি শিক্ষা অধিদপ্তর |

খ) কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের জন্য-

| ক্রঃ | কর্মসূচি |
|---|---|
| ১ | প্রতিষ্ঠানের ভবনে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে (ঐদিন সূর্য উদয়ের সাথে সাথে)। |
| ২ | ২৬ মার্চ ২০১৭ মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান খোলা রেখে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে বিতর্ক প্রতিযোগিতা ও রচনা লেখা প্রতিযোগিতাসহ মহান স্বাধীনতা দিবসের সাথে সঙ্গতিপূর্ণ অনুষ্ঠান করতে হবে। জেলা পর্যায়ে অনুষ্ঠেয় এ সংক্রান্ত সভায়, বিতর্ক প্রতিযোগিতা ও রচনা প্রতিযোগিতার বিষয় নির্ধারণ করবে। ঘোষণাকৃত সাধারণ ছুটির দিনে সকল কর্মকর্তা/কর্মচারীকে রাষ্ট্রীয় কর্মসূচিতে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। |
| ৩ | গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা করতে হবে। গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানসমূহে আকর্ষণীয়ভাবে আলোকসজ্জা করতে হবে। আকর্ষণীয়ভাবে আলোকসজ্জা করার জন্য শ্রেষ্ঠ প্রতিষ্ঠান/সংস্থাকে পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ করা যাবে। |
| ৪ | মুক্তিযুদ্ধের চেতনাকে উজ্জিবিত করার লক্ষ্যে দেশের সকল বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানে সকালে কুচকাওয়াজ, ছাত্র-ছাত্রীদের সমাবেশ এবং ক্রীড়া অনুষ্ঠানের আয়োজন করতে হবে। |
| ৫ | সকল শিক্ষা প্রতিষ্ঠানে দিবসের তাৎপর্য তুলে ধরে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করতে হবে। ০১-২৫ মার্চ পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে স্থানীয় বীর মুক্তিযোদ্ধাদের আমন্ত্রণ জানিয়ে তাদের বীরত্বগাঁথামূলক অভিজ্ঞতা/বক্তব্য শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের শোনানোর ব্যবস্থা করতে হবে। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮/০৩/১৭
(মোঃ অহিদুল ইসলাম)
যুগ্ম-সচিব ও
পরিচালক (প্রশাসন)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০০১.১৮.১৫৪.১৪ - ১৪৬(১৫০)    তারিখ: ৯/৩/২০১৭ খ্রি:

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুলভবন, ঢাকা।
{দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব(কারিগরি)}

২। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা।

৩। পরিচালক(প্রশাসন/পিআইডব্লিউ/ভোকেশনাল/পরিকল্পনা ও উন্নয়ন/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৪। প্রকল্প পরিচালক, স্কিলস এন্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট/১০০ টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন প্রকল্প/বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৫। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, .................................................।

৬। অধ্যক্ষ, .................................................... টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ/ইঞ্জিনিয়ারিং কলেজ/পলিটেকনিক ইনস্টিটিউট/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক্স/গ্রাফিক আর্টস ইনস্টিটিউট/বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট/কম্পিউটার ইনস্টিটিউট/ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট/টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, ........................................।

৭। সিনিয়র সহকারী সচিব, শাখাঃ কারিগরি-১, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুলভবন, ঢাকা।

৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, ................................................।

৯। সহকারী পরিচালক (শাখা-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
(অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ ও সংশ্লিষ্টদের ই-মেইলে প্রেরণের অনুরোধ করা হলো)

১১। প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

১৩। সংরক্ষণ কপি।

০৮/০৩/১৭

(মোঃ আককাছ আলী সেখ)
সহকারী পরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৮/৩/১৭